

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫৫.০৩২.১৭.১০৮০


তারিখ: ৩০ চৈত্র ১৪২৮

১৩ এপ্রিল ২০২২

বিষয়: ভোলা জেলাধীন চরশশীভূষণ এলএসডি'র গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত কাজের কার্যাদেশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভোলা জেলাধীন চরফ্যাশন উপজেলাস্থ “চরশশীভূষণ এলএসডি'র গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত কাজ” বাস্তবায়নের জন্য ই-জিপি সিস্টেমে দরপত্র (Package No.- 2021-22/RCFBSL/Maintenance/01, Tender ID- 653644) আহ্বান করা হলে তার প্রতিষ্ঠান উক্ত দরপত্রে অংশগ্রহণ করে লটারির মাধ্যমে একক সর্বনিম্ন দরদাতা নির্বাচিত হয়েছেন। তার প্রতিষ্ঠানের দাখিলকৃত দর ৬৩,৫৩,৮৬১.৩৯২ (তেষটি লক্ষ তিপ্পান হাজার আটশত একষটি টাকা তিন নয় দুই পয়সা) টাকা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ও অনুমোদিত হয়েছে। এ প্রেক্ষিতে গত ১২/০৪/২০২২ খ্রিঃ তারিখে তার প্রতিষ্ঠানের সাথে অত্র দপ্তরের চুক্তি সম্পাদিত হয়। উক্ত চুক্তির প্রেক্ষিতে তার প্রতিষ্ঠানকে ৬৩,৫৩,৮৬১.৩৯২ (তেষটি লক্ষ তিপ্পান হাজার আটশত একষটি টাকা তিন নয় দুই পয়সা) টাকায় দরপত্র সিডিউলের শর্ত মোতাবেক বর্ণিত কাজ সম্পাদনের জন্য কার্যাদেশ প্রদান করা হলো। দরপত্র সিডিউলের GCC-12.1 অনুযায়ী ৭ (সাত) দিনের মধ্যে বিস্তারিত কর্মপরিকল্পনা অত্র দপ্তরে দাখিল করতে হবে।

অতএব, কার্যাদেশ মোতাবেক জরুরী ভিত্তিতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা এর নিকট যোগদানপূর্বক উপ-বিভাগীয় প্রকৌশলী (এসডিই), বরিশাল এবং আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা (আরএমও), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল এর সাথে যোগাযোগপূর্বক GCC-10.1 অনুযায়ী ৭ (সাত) দিনের মধ্যে কাজ শুরু করে অত্র দপ্তরকে অবহিত করতে হবে। কাজটি আগামী ৯০ (নব্বই) দিন অর্থাৎ ১২/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে সমাপ্ত করে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তরের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কাজ আরম্ভ করার পূর্বে এবং সম্পন্ন করার পরে সাইটের আলোকচিত্র অবশ্যই বিলের সাথে দাখিল করতে হবে। Subcontracting গ্রহণযোগ্য নয়।



১৩-৪-২০২২

মো: জাহাঙ্গীর আলম

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ইমেইল: rcf.bsl@dgfood.gov.bd

MD. ROBIUL ISLAM

Vill:Laxmipur, Vatapara, Post:

GPO-6000, Thana: Rajpara, Dist:

Rajshahi


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫৫.০৩২.১৭.১০৮০/১(১১)

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮

১৩ এপ্রিল ২০২২

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট (সিএমইউ), খাদ্য অধিদপ্তর
- ৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা
- ৪) ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, বরিশাল
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ভোলা
- ৬) উপ-বিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- দরপত্র তফসীলসহ কাজের বিস্তারিত প্রাক্কলন সংশ্লিষ্ট দপ্তরসমূহে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৮) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চরফ্যাশন, ভোলা
- ৯) আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল- উপ-বিভাগীয় প্রকৌশলী এর সাথে সমন্বয় করে দরপত্র তফসীলসহ কাজের বিস্তারিত প্রাক্কলন সংশ্লিষ্ট দপ্তরসমূহে জমা প্রদান নিশ্চিতপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, চরশশীভূষণ এলএসডি, চরফ্যাশন, ভোলা
- ১১) হিসাব শাখা, অত্র দপ্তর



১৩-৪-২০২২

মো: জাহাজীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক